**NBICT LAB**
as a branch of **BCE**

হাবিপ্রবি-র ১ নং গেটের বিপরীতে
বাঁশেরহাট, সদর, দিনাজপুর

# NBICT LAB এ ৬ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের ৫১ নং ব্যাচে

# প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

## আপনি যে বিষয়গুলি একদম হাতে-কলমে শিখতে পারবেন:

| | | |
|---|---|---|
| উইন্ডোজ | ইন্টারনেট | টাইপিং |
| ওয়ার্ড | পাওয়ারপয়েন্ট | এক্সেল |

কোর্স শেষে BCE কর্তৃক প্রদত্ত সরকার অনুমোদিত অথবা, BTEB/NSDA কর্তৃক প্রদত্ত সরকারি সার্টিফিকেশনের ব্যবস্থা থাকবে। BTEB ও NSDA সার্টিফিকেটের জন্য আলাদা এক্সাম থাকবে। BTEB এর পরীক্ষায় অংশ নেওয়ার জন্য বর্ধিত ফি প্রযোজ্য হবে।

ভর্তি শুরুর তারিখ: ২৩ আগস্ট ২০২৬ ইং।
ভর্তির শেষ তারিখ: ৩১ আগস্ট ২০২৬ ইং।
ক্লাস শুরুর তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২৬ ইং।
ক্লাসের দিন সমূহ: শনি, সোম, বুধবার।
ক্লাসের সময়: বিকেল ৫:০০ টা থেকে ৬:১০ টা পর্যন্ত।
আসন সংখ্যা: ৩০ টি মাত্র।
কোর্সের মেয়াদ: ৬ মাস।
প্রশিক্ষণ ফি: ৩,৬০০/- টাকা মাত্র।
(বি. দ্র.: নিজস্ব ল্যাপটপ নেই এরকম ১৫ জন লার্নার ভর্তি হতে পারবেন। বাকিদের নিজস্ব ল্যাপটপ থাকতে হবে।)



**হাবিপ্রবি-র ১ নং গেটের বিপরীতে স্পিড ব্রেকার বাস স্টপেজ সংলগ্ন**

**Visit Website**
**nbict.org/moacb**

**Scan Now**

**Call Now**
**+880 1768-885966**

### আপনি কেন NBICT LAB-এর এই প্রশিক্ষণ কোর্সে ভর্তি হবেন?

- বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য কম্পিউটারের জরুরী বিষয়গুলি একদম হাতে কলমে শেখানো হবে।
- নিয়মিত প্রশিক্ষণ ক্লাসে অংশ নিলে আপনি উইন্ডোজ ১০/১১, ইন্টারনেট, বাংলা/ইংলিশ টাইপিং, মাইক্রোসফট ওয়ার্ড, পাওয়ারপয়েন্ট, এক্সেল, তথ্য প্রযুক্তিতে প্রাইভেসি/সিকিউরিটি, বেসিক ট্রাবল শুটিং ইত্যাদি বিষয়গুলিতে একদম স্মার্ট হয়ে উঠবেন।
- যাদের নিজস্ব কম্পিউটার নেই তারাও প্রশিক্ষণ নিতে পারবেন এবং প্রশিক্ষণের সময় বাদ দিয়েও অন্য যেকোনো সময়ে এমন কি কোর্স সমাপ্ত হয়ে যাওয়ার পরেও ল্যাবের কম্পিউটারে অনুশীলন করতে পারবেন। এক্ষেত্রে কোনো অতিরিক্ত ফি-র প্রয়োজন হবে না।
- প্রত্যেকটি মূল্যায়ন প্রক্রিয়া সম্পূর্ণ ব্যবহারিক ধরণের, সুতরাং, দক্ষতার উৎকর্ষ সাধন অবশ্যই হবে।
- শীতাতপ নিয়ন্ত্রিত অত্যন্ত গুছানো পরিবেশে প্রতি ব্যাচে সীমিত সংখ্যক প্রশিক্ষণার্থীকে এক সঙ্গে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- প্রশিক্ষণ শেষ হয়ে যাওয়ার পরেও প্রত্যেকজন রেজিস্টার্ড লার্নার প্রতিষ্ঠান থেকে আইটি বিষয়ক বিশেষ সহযোগিতা সবসময় পেয়েই যাবেন।
- এ পর্যন্ত যারা নিয়মিত প্রশিক্ষণ ক্লাসে অংশ নেওয়ার মাধ্যমে সফলভাবে প্রশিক্ষণ শেষ করেছেন তারা প্রতিষ্ঠানটির প্রতি সন্তুষ্টিপূর্ণ মনোভাবই পোষণ করেছেন।

BCE NBICT LAB

# NBICT LAB-এর কম্পিউটার প্রশিক্ষণ কোর্সে ভর্তি প্রক্রিয়া

এতদ্বারা আগ্রহী প্রশিক্ষণার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে NBICT LAB কর্তৃক পরিচালিত বিপরীত পৃষ্ঠায় (১ নং পৃষ্ঠায়) উল্লেখিত প্রশিক্ষণ কোর্সে **মোট ৩০ টি আসনে** সকাল ১০ টা হতে বিকেল ৪ টা পর্যন্ত NBICT LAB অফিসে প্রশিক্ষণার্থীর সাক্ষাৎকার ও ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে। **উল্লেখ্য** -

- কোর্স শেষে সফল প্রশিক্ষণার্থীদেরকে বিসিই কর্তৃক প্রদত্ত (সরকার কর্তৃক অনুমোদিত) সনদপত্র প্রদান করা হবে যা বিভিন্ন সরকারি/বেসরকারি চাকরি লাভের ক্ষেত্রে যোগ্যতা পূরণ করবে।
- যারা বিসিই কর্তৃক প্রদত্ত সনদপত্র লাভ করবেন কেবল মাত্র তারাই BTEB/NSDA সার্টিফিকেশনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। BTEB কর্তৃক প্রদত্ত সরকারি সার্টিফিকেট পেতে উক্ত শিক্ষাবোর্ডের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং তার জন্য পরবর্তীতে নির্ধারিত অতিরিক্ত ফি প্রযোজ্য হবে। একইভাবে NSDA কর্তৃক প্রদত্ত সরকারি সার্টিফিকেট পেতে নির্ধারিত অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে।

## ভর্তি প্রক্রিয়া

**ধাপ–১:** প্রশিক্ষণার্থী বিগত ৩ মাসের মধ্যে তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ফরমাল ছবি (ছবিতে কান ও মুখমণ্ডল উন্মুক্ত থাকতে হবে), জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, এস.এস.সি. ও এইচ.এস.সি. পাশ মার্কশিটের ফটোকপি সঙ্গে নিয়ে NBICT LAB অফিসে গিয়ে সাক্ষাৎকারে অংশ নেবেন। ধাপ-১ পরিপূর্ণভাবে সম্পন্ন হওয়া ব্যাতিত কোনক্রমেই ধাপ-২ সম্পন্ন করা যাবে না। প্রশিক্ষণার্থী ব্যতীত ভিন্ন অন্য কেউ প্রশিক্ষণার্থীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন না।

**ধাপ–২:** আসন খালি থাকা সাপেক্ষে প্রশিক্ষণার্থী নিশ্চিতভাবে ভর্তি হতে চাইলে ধাপ-১-এ উল্লেখিত নথি সমূহ জমাদান পূর্বক পছন্দের ব্যাচে প্রি-রেজিস্ট্রেশন সম্পন্ন করে NBICT LAB অফিস থেকে ব্যাংক ডিপোজিট স্লিপ সংগ্রহ করে নেবেন।

**ধাপ–৩:** প্রি-রেজিস্ট্রেশনের ২৪ ঘন্টা সময়ের মধ্যে প্রশিক্ষণার্থী, ৬ মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য ৩,৬০০/- টাকা হাবিপ্রবিস্থ মেঘনা ব্যাংকে জমা প্রদান করবেন। ২৪ ঘন্টা সময়ের মধ্যে ধাপ-৩ সম্পন্ন না হলে ভর্তি প্রক্রিয়া বাতিল হিসেবে গণ্য হবে।

**ধাপ–৪:** ব্যাংকে টাকা জমা প্রদানের পর প্রশিক্ষণার্থী ব্যাংক ডিপোজিট স্লিপের কাস্টোমার কপি NBICT LAB অফিসে জমা প্রদান করে ভর্তি ফর্ম উত্তোলন করবেন এবং তাৎক্ষনিকভাবে সহস্তে নির্ভুলভাবে পূরণকৃত ভর্তি ফর্ম উক্ত অফিসে জমা প্রদান করবেন।

## উল্লেখযোগ্য শর্তাবলী

১। যেসকল লার্নারের নিজস্ব ল্যাপটপ আছে তারা অবশ্যই প্রত্যেকটি ক্লাসে ল্যাপটপ নিয়ে আসবেন।

২। সার্টিফিকেট প্রাপ্তির জন্য একজন লার্নারকে ন্যূনতম **৭০ ভাগ উপস্থিতি** এবং **সকল মূল্যায়ন প্রক্রিয়ায় পাশ মার্ক** নিশ্চিত করতে হবে।

৩। অসুস্থতা, একাডেমিক পরীক্ষা (মিড এবং ফাইনাল), চাকুরির পরীক্ষা এবং শিক্ষাসফর জনিত কারণে আবেদনকৃত ৩০ শতাংশ ক্লাসের ছুটি সমূহ প্রমাণাদির ভিত্তিতে মঞ্জুর করা হবে।

৪। একজন লার্নার একটি প্রশিক্ষণ সেশনের যে ব্যাচে ভর্তি হবেন ঐ ব্যাচেই প্রশিক্ষণ কোর্স সমাপ্ত করে ফেলবেন। ব্যাচ পরিবর্তন করার কোনো সুযোগ থাকবে না।

৫। ক্লাস মিস হয়ে গেলে ক্লাসের রেকর্ডেড ভিডিও থেকে লার্নার ক্লাস রিকভার করে নেবেন। রেকর্ড দেখে ক্লাস রিকভার করতে গিয়ে কোনো সহযোগিতার প্রয়োজন হলে ল্যাব অ্যাটেন্ডের কাছ থেকে সহযোগিতা নিতে পারবেন।

৬। সার্বিক শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে আগ্রহী প্রশিক্ষণার্থী প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সকল প্রকার নিয়ম মানতে বাধ্য থাকবেন।